দৈনিক জনকণ্ঠ

তারিখ: 08 NOV 2016
পৃষ্ঠা: ... কলাম: ...

# ইস্ট ওয়েস্ট ভার্সিটিতে মেধা বৃত্তি প্রদান

শিক্ষা জীবনে ভাল ফল করার জন্য ২০৬ শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদান করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বেশিরভাগই ছাত্রী। রবিবার সকালে রাজধানীর আফতাব নগরের ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এই বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগম। অনুষ্ঠানে ড. দিল আফরোজা বেগম বলেন, তার নিজের অধ্যায়নকালে পরাধীন দেশে মেয়েদের কোন বৃত্তি ছিল না। এখন স্বাধীন বাংলাদেশে নানা ধরনের বৃত্তি প্রদান করা হয়। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। -বিজ্ঞপ্তি